

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ২৩১২

৩৪/ पुनिय़ावी ভোগविनारमत প্রতি অনাসক্তি (إليه عن رسول الله عن رسول الله)

পরিচ্ছেদঃ ৯. রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লামের বাণীঃ আমি যা জানি, তোমরা তা জানতে পারলে খুব কমই হাসতে

باب فِي قَوْلِ النَّبِيِّ صلى الله عليه وسلم " لَوْ تَعْلَمُونَ مَا أَعْلَمُ لَضَحِكْتُمْ قَلِيلاً " .

আরবী

حَدَّتَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّتَنَا أَبُو أَحْمَدَ الزُّبَيْرِيُّ، حَدَّتَنَا إِسْرَائِيلُ، عَنْ إِبْرَاهِيمَ بْنِ الْمُهَاجِرِ، عَنْ مُجَاهِدٍ، عَنْ مُورِّقٍ، عَنْ أَبِي ذَرِّ، قَالَ قَالَ رَسُولُ النَّهِ صلى الله عليه وسلم " إِنِّي أَرَى مَا لاَ تَرَوْنَ وَأَسْمَعُ مَا لاَ تَسْمَعُونَ أَطَّتِ السَّمَاءُ وَحُقَّ لَهَا أَنْ تَئِطَّ مَا فِيهَا مَوْضِعُ أَرْبَعِ أَصَابِعَ إِلاَّ وَمَلَكُ وَاضِعٌ جَبْهَتَهُ سَاجِدًا لِلَّهِ لَوْ تَعْلَمُونَ مَا أَعْلَمُ فِيهَا مَوْضِعُ أَرْبَعِ أَصَابِعَ إِلاَّ وَمَلَكُ وَاضِعٌ جَبْهَتَهُ سَاجِدًا لِلَّهِ لَوْ تَعْلَمُونَ مَا أَعْلَمُ لَفِيهَا مَوْضِعُ أَرْبَعِ أَصَابِعَ إِلاَّ وَمَلَكٌ وَاضِعٌ جَبْهَتَهُ سَاجِدًا لِلَّهِ لَوْ تَعْلَمُونَ مَا أَعْلَمُ لَضَحَكِثُتُمْ قَلِيلاً وَلَبَكَيْتُمْ كَثِيرًا وَمَا تَلَذَّذْتُمْ بِالنِسَاءِ عَلَى الْفُرُشِ وَلَخَرَجْتُمْ إِلَى الصَّعُدَاتِ لَتَعْضَدُ بُونَ إِلَى الصَّعُدَاتِ بَعْنَالُ وَلَا لَوَدِدْتُ أَنِّي كُنْتُ شَجَرَةً تُعْضَدُ . قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ أَبِي هُرَيْرَةَ وَعَائِشَةَ وَابْنِ عَبَّاسٍ وَأَنَسٍ . قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ . وَيُرْوَى مِنْ غَيْرِ هَنَا لَوَدِدْتُ أَنِّي كُنْتُ شَجَرَةً تُعْضَدُ .

বাংলা

২৩১২। আবূ যার (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমি (অদৃশ্য জগতের) যা দেখি তোমরা তা দেখ না, আর আমি যা শুনতে পাই তোমরা তা শুনতে পাও না। আসমান তো চড়চড় শব্দ করছে, আর সে এই শব্দ করার যোগ্য। তাতে এমন চার আঙ্গুল পরিমাণ জায়গাও নেই যেখানে কোন ফিরিশতা আল্লাহ্ তা'আলার জন্যে অবনত মস্তকে সাজদায় পড়ে না আছে। আল্লাহর শপথ! আমি যা জানি তোমরা যদি তা জানতে তাহলে তোমরা খুব কমই হাসতে, বেশি কাঁদতে এবং বিছানায় স্ত্রীদের উপভোগ করতে না, বাড়ী-ঘর ছেড়ে পথে-প্রান্তরে বেরিয়ে পড়তে, আল্লাহ তা'আলার সামনে কাকুতি-মিনতি করতে। বর্ণনাকারী বলেন, আমার মন চায় আমি যদি একটি বৃক্ষ হতাম আর তা কেটে ফেলা হতো। "আমার মন চায়....." অংশ ব্যতীত হাদীসটি হাসান,

ইবনু মা-জাহ (৪১৯০)।



আবৃ ঈসা বলেন, আবৃ হুরাইরা, আইশা, ইবনু আব্বাস ও আনাস (রাঃ) হতেও এ অনুচ্ছেদে হাদীস বর্ণিত আছে। এ হাদীসটি হাসান গারীব। অপর একটি সূত্রে বর্ণিত আছে যে, আবৃ যার (রাঃ) বলেন, আমার আকাজ্জা যে, "আমি যদি একটি গাছ হতাম যা কেটে ফেলা হতো"। আবৃ যার (রাঃ) হতে এ হাদীসটি মাওকুফ হিসাবেও বর্ণিত আছে।

English

Abu Dharr narrated that the Messenger of Allah (s.a.w) said:
"Indeed I see what you do not see, and I hear what you do not hear. The
Heavens moan, and they have the right to moan. There is no spot, the size
of four fingers in them, except that there is an angel placing his forehead in
it, prostrating to Allah. By Allah! If you knew what I know, then you would
laugh little and you would cry much. And you would not taste the pleasures
of your women in the beds, and you would go out beseeching Allah. And I
wish that I was but a felled tree." [Abu 'Eisa said:] There are narrations on
this topic from 'Aishah, Abu Hurairah, Ibn 'Abbas, and Anas. [He said:] This
Hadith is Hasan Gharib. It has been related through routes other than this,
that Abu Dharr said: "I wish that I was a felled tree." And it has been related
from Abu Dharr in Mawguf form.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী □ বর্ণনাকারীঃ আবু যার আল-গিফারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন